

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি আবেদন শুরু, ফি ১০৫০ টাকা

০৪ নভেম্বর, ২০২৪

১৪:১৯

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক স্তরে ভর্তি পরীক্ষার আবেদন শুরু হয়েছে। আগামী ২৫ নভেম্বর পর্যন্ত আবেদন কার্যক্রম চলবে।

ভর্তীচ্ছু শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইট <https://admission.eis.du.ac.bd>-এ গিয়ে আবেদন করতে পারবেন। এ বছর আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ১০৫০ টাকা।

২০২৫ সালের ৪ জানুয়ারি চারুকলা ইউনিটের পরীক্ষার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু হবে। এ ছাড়া কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ২৫ জানুয়ারি, বিজ্ঞান ইউনিটের পরীক্ষা ১ ফেব্রুয়ারি, এবং ব্যবসায় শিক্ষা ইউনিটের পরীক্ষা ৮ ফেব্রুয়ারি হবে। আইবিএ ইনস্টিটিউটের পরীক্ষা ৩ জানুয়ারি অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে শিক্ষার্থীরা ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন।